

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 08-11-2025

Time: 1.40 P.M.

স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য এ মাসের ১৭ তারিখ থেকে নথি যাচাইয়ের প্রক্রিয়া শুরু হবে। গতকাল একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল এসএসসি প্রকাশ করলেও ফলাফল দেখতে গিয়ে এখনো সমস্যায় পড়তে হচ্ছে বলে অনেক পরীক্ষার্থীর অভিযোগ। এসএসসি কর্তৃপক্ষের বক্তব্য, একসঙ্গে বহু মানুষ ওয়েবসাইটে ফলাফল দেখতে যাওয়ায় সার্ভারে সমস্যা হয়েছে।

ওয়েবসাইটে গিয়ে রোল নাম্বার দিয়ে নিজেদের প্রাপ্ত নম্বর দেখতে পাচ্ছেন পরীক্ষার্থীরা। যারা ইন্টারভিউয়ের জন্য ডাক পাবেন তাদের তালিকা কয়েক দিনের মধ্যেই প্রকাশ করা হবে। ১৭ তারিখ থেকে তাদের নথিপত্র যাচাই হবে বলে বিজ্ঞপ্তি প্রকাশ করে এসএসসি জানিয়েছে। এরই মধ্যে আবার কলকাতা হাইকোর্টে একটি মামলা হওয়ায় নতুন করে সংশয় তৈরি হয়েছে চাকরিপ্রার্থীদের মধ্যে। যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে মেহবুব মন্ডল বলেন, কোনো যোগ্য শিক্ষক শিক্ষিকা এবারের পরীক্ষায় ইন্টারভিউয়ে ডাক না পান তাদের বিষয়ে সরকার কি ভাবছে, তা স্পষ্ট করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এন্যুমারেশন বাড়ি বাড়ি না গিয়ে অন্য জায়গা থেকে বিএলওরা ফর্ম বিলি করছেন এই অভিযোগ পেয়ে নির্বাচন কমিশন অসন্তোষ প্রকাশ করেছে। বিধি মেনে বিএলও-রা যাতে শুধুমাত্র ভোটারদের বাড়ি গিয়ে এই ফর্ম বিলি করেন তা নিশ্চিত করতে প্রত্যেক জেলার নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। সেই নির্দেশে বলা হয়েছে এস আই আর-এর ফরম বিলি বা জমা নেওয়ার ক্ষেত্রে

বিহার মডেল অনুসরণ করতে হবে। অর্থাৎ তা বাড়িতে গিয়ে দেওয়া এবং সংগ্রহ করার কাজ করতে হবে সংশ্লিষ্ট বিএলও-কে। বিএলও-দের কাজকর্মের উপর নজরদারির জন্য জেলা স্তরে কন্ট্রোল রুম তৈরি করতে বলা হয়েছে। প্রতি ১০ টি বুথের জন্য একজন করে বিএলও সুপারভাইজার নিয়োগের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। কোন বিএলও ঠিক মত দায়িত্ব না পালন করলে তার বিরুদ্ধে শাস্তি শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস SIR নিয়ে দ্বিচারিতা করছে বলে বিজেপির অভিযোগ।

কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, মুখ্যমন্ত্রী ও তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি SIR করতে দেবেন না বলে পথে নেমে আন্দোলন করছেন। অন্যদিকে SIR নিয়ে নির্বাচন কমিশনের ডাকা বৈঠকে শাসক দল অংশগ্রহণ করে এই প্রক্রিয়ায় সম্মতি জানিয়েছে। পাশাপাশি SIR নিয়ে মিথ্যাচার ও ভুল তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে।

(বাইট- শুভেন্দু SIR)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবার ভোটার তালিকায় নিবিড় সংশোধনী-র জন্য এনুমারেশন ফর্ম 'অনলাইনে'ও পূরণ করা যাবে। গতরাত ১১টা নাগাদ চালু হয়েছে এই সুবিধে। বাড়ি থেকে দূরবর্তী স্থানে থাকলে কিভাবে আবেদনপত্র পূরণ করা যাবে তাই নিয়ে অনেকের মনেই প্রশ্ন ছিল। তাই বাড়ি বাড়ি গণনা পত্র বণ্টনের সঙ্গে অনলাইনে ফর্ম করে পাওয়া যাবে তা বিএলওদের কাছে জানতে চাইছিলেন অনেকেই।

<https://voters.eci.gov.in> ওয়েবসাইটে গিয়ে সার্ভিসেসের-এর আওতায় SIR-এর আবেদনপত্র পূরণ করা যাবে। এর সঙ্গে আপলোড করতে হবে ভোটারের দুটি ফটো।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বর্ণ ব্যাবসায়ী স্বপন কামিল্যাকে অপহরণ ও খুনের ঘটনায় বিধান নগর দক্ষিণ থানার পুলিশ আজ ভোর রাতে রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনের গাড়ীর চালক

রাজু ঢালি ও প্রশান্ত বর্মনের ঘনিষ্ঠ বন্ধু তুফান থাপাকে গ্রেপ্তার করেছে। পুলিশ সূত্রে জানা যায় তুফান উত্তরবঙ্গের একজন ঠিকাদার। ধূতেরা এই খনের সঙ্গে জড়িত বলে পুলিশ জানিয়েছে। আজ তাদের বিধাননগর আদালতে তোলা হবে।

পুলিশ সূত্রে জানা গেছে, স্বর্ণ ব্যাবসায়ী স্বপন কামিল্যাকে গত ২৮ তারিখ তার সোনার দোকান থেকে অপহরণ করে, বিডিওর নিউটাউনের ফ্লাটে নিয়ে যাওয়া হয়। ৩০-শে অক্টোবর যাত্রাগাছির খালে ঐ স্বর্ণ ব্যাবসায়ী দেহ পাওয়া যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহিলা ক্রিকেট বিশ্বকাপ জয়ী ভারতীয় দলের সদস্য রিচা ঘোষকে আজ ইডেনে সি এ বি-র তরফে সংবর্ধনা দেওয়া হবে। বিকেলে এক অনুষ্ঠানে রিচা ঘোষকে সংবর্ধনা দেবেন সি এ বি সভাপতি সৌরভ গাঙ্গুলি, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। উপস্থিত থাকবেন প্রাক্তন, বর্তমান ক্রিকেটার ও বহু বিশিষ্ট ব্যক্তি।

রিচা ঘোষের হাতে পুরস্কার বাবদ অর্থ ও সোনার ব্যাট তুলে দেওয়া হবে বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা সহ গোটা রাজ্যেই আগামী কয়েকদিন আবহাওয়া শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দণ্ডের জানিয়েছে। সপ্তাহের মাঝামাঝি নাগাদ তাপমাত্রা, তিন থেকে চার ডিগ্রি কমতে পারে। দক্ষিণবঙ্গে বেশী তাপমাত্রা কমবে, পশ্চিমের জেলাগুলিতে।

তবে উত্তরবঙ্গে হাঙ্কা বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দফতর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০